



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



“The Language Movement and the Emergence of Bangla-Speaking State in the World” শীর্ষক সেমিনার



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি ২৯ এপ্রিল ২০২৪, সোমবার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে Center For Advanced Research in Arts and Social Sciences (CARASS) আয়োজিত “The Language Movement and the Emergence of Bangla-Speaking State in the World” শীর্ষক সেমিনারে সভাপতিত্ব করেন।

সেমিনারে ভাষা আন্দোলনে নারীর ভূমিকা, ভাষা সংগ্রামে প্রান্তিক অঞ্চলে নারীদের অংশগ্রহণ, এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পাহাড়ি জনগোষ্ঠীর ভাষাজীবনে কি প্রভাব রাখছে সে বিষয়ে প্রবন্ধ উপস্থাপিত হয়।

সভাপতির বক্তব্যে অধ্যাপক সাদেকা হালিম বাংলাদেশের ভাষা আন্দোলনে এবং পরবর্তীতে মুক্তিসংগ্রামে নারীদের ভূমিকাকে যথাযথ মূল্যায়নের অভাবের দিকে দৃষ্টি আকর্ষণ করেন। এপ্রেক্ষিতে তিনি একান্তরের নিপীড়িত নারীদের প্রতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভূমিকাকে অনুসরণীয় হিসেবে তুলে ধরেন। একই সাথে তিনি বাংলাদেশের প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা ভাষা আন্দোলনের সাথে যেভাবে যুক্ত ছিলেন, ইতিহাস চর্চায় তার অবতারণার যথার্থতার কথাও উল্লেখ করেন।